



নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়


নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৩.২১-৫৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯  
২৫ জুলাই ২০২২

**বিষয়: পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন নাজিরপুর তাতেরকাঠী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদের উপনির্বাচন স্থগিতকরণ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৭ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন নাজিরপুর তাতেরকাঠী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদের উপনির্বাচনে প্রচারকালীন আচরণ বিধিমালা লঙ্ঘন বিষয়ে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ ইব্রাহিম ফারুক এর বিষয়ে অপর প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব এস.এম মহসীন একাধিকবার রিটার্নিং অফিসার বরাবর অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অফিসার-ইন-চার্জ, বাউফল থানাকে অনুরোধ করে পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের আলোকে অফিসার-ইন-চার্জ, বাউফল থানা অদ্যাবধি কোনো প্রতিবেদন প্রদান করেননি মর্মে রিটার্নিং অফিসার ২৫ জুলাই ২০২২ তারিখের ১৭.০৬.৭৮৩৮.০০০.৪১.০০৩.২২.১৬৯নং স্মারকমূলে প্রেরিত পত্রে জানিয়েছেন। অধিকন্তু প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ ইব্রাহিম ফারুক এর একজন সমর্থক জোবায়দুল হক ওরফে রাসেল বিগত ২৩ জুলাই ২০২২ তারিখে এক উঠান বৈঠকে 'ভোট হবে ইভিএমে, কে কোথায় ভোট দেবে তা কিন্তু আমাদের কাছে চলে আসবে' মর্মে বক্তব্য প্রদান করেন। তার এই বক্তব্য সামাজিক যোগাযোগ মাধ্যম, বিভিন্ন গণমাধ্যম ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশিত হয়। উক্ত বিষয়টি মাননীয় নির্বাচন কমিশনের নজরে এসেছে। উল্লিখিত বিষয়ে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশালকে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। এমতাবস্থায়, উল্লিখিত নির্বাচন সন্নিকটবর্তী হওয়ায় ন্যায়সঙ্গত ও নিরপেক্ষভাবে এবং আইনানুযায়ী নির্বাচন পরিচালনা করার লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৯০ এ প্রদত্ত ক্ষমতাবলে মাননীয় নির্বাচন কমিশন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ২৭ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন নাজিরপুর তাতেরকাঠী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদের উপনির্বাচন স্থগিত করার জন্য সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে গণবিজ্ঞপ্তি জারিসহ পদ্ধতিগতভাবে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

E-mail: ecsenc2@gmail.com

১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পটুয়াখালী

২। উপজেলা নির্বাচন অফিসার, বাউফল, পটুয়াখালী ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৩.২১-৫৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯  
২৫ জুলাই ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, ..... (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, বরিশাল
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. জেলা প্রশাসক, পটুয়াখালী

অফিসের ঠিকানাঃ

General Elections-2021-2022/18-UP- Other Stay\_Letter.doc


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষ্ঠানিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
১৪. পুলিশ সুপার, পটুয়াখালী
১৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী
১৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. অফিসার ইন চার্জ, ..... (সংশ্লিষ্ট থানা)।

  
(মোহাম্মদ আশফা কুর রহমান)

সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা